দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 JUN 2003 ...
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ১ ...

# সকল শিক্ষা প্রতিষ্ঠানে সহাবস্থান নিশ্চিত করতে হবে ঃ লান্টু

চট্টগ্রাম অফিস। ছাত্রদল সভাপতি সাহাবুদ্দিন লান্টু বলেছেন, সকল শিক্ষা প্রতিষ্ঠানে গণতান্ত্রিক পরিবেশ এবং সহাবস্থান নিশ্চিত করতে হবে। গতকাল সোমবার চট্টগ্রাম প্রেসক্লাবে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় ছাত্রদল সভাপতি বলেন, প্রতিটি কলেজে সকল ছাত্র সংগঠনের কার্যক্রম চালানোর ক্ষেত্রে কোন বাধা থাকা উচিত নয়। গণতান্ত্রিক রাজনীতির জন্য এই বাধা ক্ষতিকর। সাংবাদিকদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আজিজুল বারি হেলাল, সহ-সভাপতি জয়ন্ত কুমার কুন্ড, সাংগঠনিক সম্পাদক শফিউল বারি বাবু এবং স্থানীয় ছাত্রদল নেতৃবৃন্দ। ছাত্রদল সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অন্য নেতৃবৃন্দ ছাত্রলীগ ও শিবির নিয়ন্ত্রিত চারটি কলেজে আকস্মিক সফরে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। ছাত্রলীগ নিয়ন্ত্রিত চট্টগ্রাম সিটি কলেজে গতকাল ছাত্রলীগের উদ্যোগে প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়। ছাত্রলীগ ক্যাম্পাসে মাইক বাজিয়ে সমাবেশ করতে চাইলে পুলিশ মাইক ছিনিয়ে নেয়। ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, সবার অগোচরে কেন্দ্রীয় ছাত্রদল নেতৃবৃন্দের ক্যাম্পাসে আগমন সুষ্ঠু রাজনীতির পরিচায়ক নয়। এটা ক্যাম্পাস দখলের পাঁয়তারা। একইভাবে ছাত্র শিবির নিয়ন্ত্রিত চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজে ছাত্রদল কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতির প্রতিবাদে শিবির সোমবার চকবাজার এলাকায় মিছিল বের করে এবং নিন্দা জানায়। অপরদিকে নগর ছাত্রদলের উদ্যোগে সোমবার বিকেলে লালদীঘি চত্বরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। নগর ছাত্রদল সভাপতি মোশাররফ হোসেন দিপ্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বলা হয়, কলেজসমূহের অবশ্যই প্রত্যেক ছাত্র সংগঠনের সহাবস্থান নিশ্চিত করতে হবে।